



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ৭ অক্টোবর '০৯

স্বরাষ্ট্র সচিবের বক্তব্যের পরিপ্রেক্ষিতে বিবৃতি
**পার্বত্য চট্টগ্রামে স্থায়ীভাবে র্যাব নিয়োগের সিদ্ধান্তে
ইউপিডিএফ-এর উদ্বেগ ও প্রতিবাদ**

গতকাল স্বরাষ্ট্র সচিবের দেয়া প্রেস ব্রিফিং-এ পার্বত্য চট্টগ্রামে স্থায়ীভাবে র্যাব নিয়োগের সিদ্ধান্ত ঘোষণা দেয়ায় আজ বুধবার ৭ অক্টোবর ২০০৯ পার্বত্য চট্টগ্রামে পূর্ণস্বায়ত্তশাসনের দাবিতে আন্দোলনরত আঞ্চলিক রাজনৈতিক দল ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর প্রেস সেকশান থেকে দেয়া এক বিবৃতিতে গভীর উদ্বেগ ও আশঙ্কা প্রকাশ করা হয়েছে।

ইউপিডিএফ-এর প্রেস সেকশান হতে দেয়া বিবৃতিতে বলা হয়েছে, 'এ সিদ্ধান্ত স্পষ্টতই সারা দেশের মত পার্বত্য চট্টগ্রামে চলমান ক্রসফায়ারে মানুষ হত্যার সম্প্রসারণ ছাড়া আর কিছুই নয়। নির্বিচারে মানুষ খুনের জন্য র্যাব ঘাতক বাহিনী হিসেবে জনগণের নিকট এক আতঙ্কমান মূর্তি।'

উল্লেখ করা যেতে পারে, আশির দশক থেকে পার্বত্য চট্টগ্রামে মোতায়নকৃত সেনাবাহিনী নির্বিচারে মানুষ খুন করে আসছে। অতি সাম্প্রতিক ২ অক্টোবর সেনাসৃষ্ট নব্য-মুখোশ বাহিনীর হাতে ইউপিডিএফ-এর কেন্দ্রীয় নেতা রুইখই মারমা খুন হয়েছেন। পার্বত্য চট্টগ্রামে র্যাব স্থায়ীভাবে নিয়োগ করার অর্থ হচ্ছে তথাকথিত ক্রসফায়ারের নামে নির্বিচারে নিধনযজ্ঞ চালানো।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রেস সেকশান

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।